**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 5/22/2023 **গভর্নর ক্যাথি হোকল**

# শিল্পখাতের প্রথম ফুয়েল-অ্যাগনস্টিক ইঞ্জিন প্ল্যাটফর্ম উৎপাদনের জন্য কিউমিন্স জেমসটাউন ইঞ্জিন প্ল্যান্ট 452 মিলিয়ন ডলার বিনিয়োগ করবে বলে গভর্নর হোকলের ঘোষণা

***কিউমিন্স আজ এটির 2.5 মিলিয়নতম ইঞ্জিন উৎপাদন করার মাইলফলক অর্জন করেছে এবং একইসাথে অধিকতর টেকসই একটি ভবিষ্যতের জন্য পরিকল্পনা করছে***

***কিউমিন্স-এর জেমসটাউন ইঞ্জিন প্ল্যান্টের ছবি দেখুন এখানে***

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে শক্তি ও প্রযুক্তি খাতে বৈশ্বিক পর্যায়ে নেতৃস্থানীয় অবস্থানে থাকা কিউমিন্স ইনক. (Cummins Inc.) (NYSE:CMI) 998,000 বর্গফুট আয়তনের জেমসটাউন ফ্যাসিলিটিতে 452 মিলিয়ন ডলার বিনিয়োগ করছে, যেখানে উৎপাদনের জন্য অপেক্ষাকৃত নিম্ন কার্বন সম্পন্ন জ্বালানির কিছু ধরন, যেমন প্রাকৃতিক গ্যাস, কাজে লাগানো হবে, এবং যা গ্রিনহাউজ গ্যাস এবং বায়ুর মানের উপর এটির পণ্যগুলোর প্রভাব কমিয়ে আনার জন্য দ্রুততর গতিতে আরো সামনে এগিয়ে যাওয়ার জন্য এবং 2050 সালের মধ্যে শূন্য নির্গমনে পৌঁছানোর জন্য কিউমিন্স-এর কর্মকৌশল, ডেস্টিনেশন জিরো-এর সাথে সঙ্গতি রক্ষা করছে। সেইসাথে, কিউমিন্স ঘোষণা করেছে যে এটির পণ্যগুলোর জন্য এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য আরো বেশি টেকসই একটি ভবিষ্যতের পথ নির্মাণ করা অব্যাহত রাখার এই সময়ে, কিউমিন্স কোম্পানির জেমসটাউন ইঞ্জিন প্ল্যান্টে এটির 2.5 মিলিয়নতর ইঞ্জিন উৎপাদন করেছে। X15N, আনুষ্ঠানিক নম্বর 2,500,001, 15 লিটারের একটি প্রাকৃতিক গ্যাস চালিত ইঞ্জিন, যা জেমসটাউন ইঞ্জিন প্ল্যান্টে উৎপাদন করা প্রথম ফুয়েল-অ্যাগনস্টিক অভ্যন্তরীণ দহন ইঞ্জিন প্ল্যাটফর্মের অংশ। এছাড়াও এই কোম্পানি এটির বিনিয়োগের মাধ্যমে 90টি নতুন কর্মসংস্থান তৈরি করার অঙ্গীকার করেছে।

"কিউমিন্স-এর জেমসটাউন ইঞ্জিন প্ল্যান্ট শুধু চৌতাউকা কাউন্টির সবচেয়ে বড় নিয়োগকর্তাই নয়, বরং নিউ ইয়র্ককে এবং দেশকে আরো বেশি টেকসই একটি ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে সাহায্য করার জন্য সামনের সারির প্রযুক্তিগুলোতে বিনিয়োগ করা একটি পাওয়ার হাউজ," **বলেছেন গভর্নর হোকল**। "এটির বিনিয়োগের জন্য এবং এটির কর্মচারীদের প্রতি এবং নিউ ইয়র্ক স্টেটের প্রতি কোম্পানিটির অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি উদ্ভাবনমূলক, প্রস্তুতকরণ খাতের এই নেতৃস্থানীয় প্রতিষ্ঠানকে অভিনন্দন জানাই।"

**কিউমিন্স ইঞ্জিন বিজনেস (Cummins Engine Business)-এর ভাইস প্রেসিডেন্ট ও প্রেসিডেন্ট, শ্রীকান্ত পদ্মনাভন বলেন,** "আমাদের কর্মচারীরা বিশ্বের সংস্থানসমূহ অপেক্ষাকৃত কম পরিমাণে ব্যবহার করে কাজ করার নতুন উপায় খুঁজে বের করতে উদ্ভাবন চালিয়ে যাচ্ছে, এবং ইঞ্জিন বিজনেস এই উদ্দীপনাপূর্ণ উদ্ভাবনের কেন্দ্রবিন্দুতে রয়েছে। আমাদের ফুয়েল অ্যাগনস্টিক প্ল্যাটফর্ম এখানে জেমসটাউনে শিল্পখাতের নেতৃস্থানীয় পণ্যসমূহের নকশা প্রণয়ন ও প্রস্তুতকরণের ক্ষেত্রে আমাদের কয়েক দশকের অভিজ্ঞতার সঙ্গে যোগ হচ্ছে। গ্রাহকদেরকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমিয়ে আনতে সাহায্য করার ব্যাপারে আমাদের অঙ্গীকারাবদ্ধতার জন্য এটি অপরিহার্য ভূমিকা রাখবে।"

বর্তমানে যুক্তরাষ্ট্রের সড়কগুলোতে চলাচল করা মিডিয়াম ও হেভি-ডিউটি ট্রাকগুলোর অর্ধেকেরও বেশি সংখ্যক কিউমিন্স ইঞ্জিন ব্যবহার করে এবং শিল্পখাতের নেতৃস্থানীয়রা জেমসটাউন ইঞ্জিন প্ল্যান্টে (JEP) উৎপাদিত সবচেয়ে সাম্প্রতিক ইঞ্জিনগুলোর প্রতি আগ্রহ দেখাচ্ছে; অন্যান্যদের মধ্যে নাইট সুইফট ট্রান্সপোর্টেশন (Knight-Swift Transportation), রাইডার (Ryder) এবং ইউনাইটেড পার্সেল সার্ভিস (United Parcel Service, UPS) প্রথম X15N ইঞ্জিনগুলোর পরীক্ষামূলক ব্যবহার শুরু করবে। এই পরবর্তী প্রজন্মের ইঞ্জিনটি সুনির্দিষ্টভাবে হেভি-ডিউটি ট্রাকে ব্যবহারের জন্য নকশা করা প্রথম প্রাকৃতিক গ্যাস চালিত ইঞ্জিন, যেটি সর্বোচ্চ 500 হর্সপাওয়ার পর্যন্ত আউটপুট প্রদান করবে, এবং হেভি-ডিউটি পরিবহনের বহর এবং ট্রাকিং শিল্পের শূন্য নির্গমনের দিকে এগিয়ে যাওয়ার পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

জেমসটাউন ফ্যাসিলিটি কিউমিন্স-এর দীর্ঘমেয়াদী ডেস্টিনেশন জিরো কর্মকৌশল এবং পরবর্তী-প্রজন্মের ইঞ্জিন পোর্টফোলিওর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং কোম্পানির সর্ববৃহৎ উৎপাদন ফ্যাসিলিটি হিসেবে রয়ে গেছে। এই ফ্যাসিলিটি 49 বছর ধরে কার্যপরিচালনা করে আসছে এবং এটির 1,500-এরও বেশি কর্মচারী রয়েছে এবং 1,949-এরও বেশি সক্রিয় গ্রাহককে সেবা প্রদান করছে। JEP চৌতাউকা কাউন্টির সর্ববৃহৎ বেসরকারি নিয়োগকর্তা হিসেবে নিজের অবস্থান ধরে রয়েছে।

কিউমিন্স এটির কর্মচারীদের এবং এটির প্রতিবেশিদের জীবনের উপর প্রত্যক্ষ প্রভাব রাখার জন্য এটি যেসব কমিউনিটিতে কার্যক্রম পরিচালনা করছে সেগুলোর উন্নয়নের জন্য নিবেদিত রয়েছে। এই বিনিয়োগের উদ্দেশ্য হলো উদ্ভাবন ও উৎপাদন বৃদ্ধি করার জন্য এবং এটির ডিকার্বনাইজেশন প্রচেষ্টা ত্বরান্বিত করার জন্য নিজেদের লোকজন ও ফ্যাসিলিটিগুলোতে কিউমিন্স-এর বিনিয়োগ করার মধ্য দিয়ে, বর্তমানে বিদ্যমান প্রকৌশল ও উৎপাদন খাতের কয়েক হাজার কর্মসংস্থান ধরে রাখা এবং কয়েক শতাধিক নতুন কর্মসংস্থান তৈরিতে সহায়তা করা। কোম্পানিটি বাজারের ও ভোক্তাদের বিস্তৃত পরিসরের চাহিদার জন্য উচ্চ মানসম্মত সমাধান প্রদান করার মাধ্যমে নিজের গ্রাহকদের জন্য এবং অরিজিনাল ইক্যুইপমেন্ট ম্যানুফ্যাকচারার (Original Equipment Manufacturer, OEM) অংশীদারদের জন্য আরো বেশি সমৃদ্ধশীল একটি বিশ্বের জন্য শক্তি যোগান দিতে অঙ্গীকারাবদ্ধ রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট কিউমিন্স-এর নতুন বিনিয়োগের জন্য 10 মিলিয়ন ডলারের এক্সেলসিয়র কর ক্রেডিট প্রদান করবে। চৌতাউকা কাউন্টির ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সি (County of

Chautauqua Industrial Development Agency, CCIDA) 3 মিলিয়ন ডলারের নিউ ইয়র্ক বিক্রয় কর অব্যাহতি প্রদান করবে।

**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন**, "গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃস্থানীয় জলবায়ু এজেন্ডার ব্যাপারে তার অঙ্গীকারাবদ্ধতায় অবিচল রয়েছেন এবং তিনি কিউমিন্স-এ একটি উদ্ভাবনমূলক গ্রিন এনার্জি অংশীদার খুঁজে পেয়েছেন। ভবিষ্যতমুখী ইঞ্জিন প্ল্যাটফর্ম উৎপাদনের জন্য এটির জেমসটাউন ইঞ্জিন প্ল্যান্টকে নতুনভাবে সরঞ্জাম দিয়ে সজ্জিত করার মাধ্যমে, কিউমিন্স শুধু বৈশ্বিক নির্গমনের মানদণ্ড পূরণ করার চেষ্টা করছে তাই নয়, বরং স্থানীয় কমিউনিটি, অর্থনীতি, ও পরিবেশের প্রতি এটির জোরালো নিবেদিত প্রচেষ্টাও প্রদর্শন করছে।"

**কিউমিন্স-এর জেমসটাউন ইঞ্জিন প্ল্যান্টের ম্যানেজার অ্যানা ডিবল বলেন**, "প্রতিদিন আমাদের কোম্পানি ও কমিউনিটিতে নিবেদিতভাবে দায়িত্ব পালন করে যাওয়া কর্মচারীদের ছাড়া আমাদের প্ল্যান্ট সফলতা অর্জন করতে পারতো না। আমরা কমিউনিটিতে এতটা শক্তিশালী উপস্থিতি অর্জন করতে পেরে এবং আমাদের লোকজনের সফলতা অর্জনের জন্য একটি উষ্ণ, যত্নশীল ও সবার জন্য অন্তর্ভুক্তিমূলক পরিবেশ তৈরি করতে পেরে গর্বিত।"

এছাড়া কর্মচারীদের স্বেচ্ছামূলক দায়িত্ব পালন এবং 1 মিলিয়ন ডলারের বার্ষিক দাতব্য অনুদানের মাধ্যমে, JEP এই কমিউনিটি ও অঞ্চলের জন্য একটি সহায়তামূলক অর্থনৈতিক চালিকাশক্তি হিসেবেও ভূমিকা রাখছে। নিজের গ্রাহকদেরকে JEP যে উদ্ভাবনমূলক কাজ এবং লাইনের সেরা পণ্যগুলো প্রদান করছে তা অধিকতর টেকসই একটি ভবিষ্যত গড়ে তোলা এবং বিশ্বে দীর্ঘস্থায়ী প্রভাব রাখার জন্য কিউমিন্স-এর নিবেদিত প্রচেষ্টার প্রমাণ।

**স্টেট সিনেটর জর্জ বোরেলো বলেন**, "কিউমিন্স-এর রয়েছে উদ্ভাবনের এবং ইঞ্জিনের প্রযুক্তির ক্ষেত্রে নেতৃস্থানীয় অবস্থানে থাকার দীর্ঘ ইতিহাস। জেমসটাউন প্ল্যান্টে এই বৃহৎ বিনিয়োগ সদা পরিবর্তনশীল বিশ্ব বাজারে কিউমিন্স-এর সর্বাধুনিক অবস্থানে থাকা নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তারা অসাধারণ কমিউনিটি অংশীদার ও সহায়তাকারী হিসেবেও ভূমিকা পালন করছে। চৌতাউকা কাউন্টি এবং এই অঞ্চলের প্রতি তাদের অব্যাহত অঙ্গীকারাবদ্ধতার জন্য আমরা কৃতজ্ঞ। এই প্রচেষ্টায় গভর্নর হোকলের সহায়তা ও স্বীকৃতিকেও আমি সাধুবাদ জানাই।"

**অ্যাসেম্বলি সদস্য অ্যান্ড্রু গুডেল বলেন**, "কিউমিন্স একটি সর্বাধুনিক কোম্পানি যেটি চৌতাউকা কাউন্টিতে উচ্চ মানসম্মত কর্মসংস্থান তৈরি করছে। এই হাই টেক ফ্যাসিলিটিতে কর্মরত কর্মচারীদের উচিত নির্মল জ্বালানির দিকে উত্তরণকে এগিয়ে নেওয়ার মাধ্যমে আমাদের অর্থনীতির ডিকার্বনাইজেশনে সাহায্য করার ব্যাপারে গর্ব বোধ করা। আমি এই আপগ্রেডের সাথে সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানাই যেটি কিউমিন্সকে এখানে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে নতুন ফুয়েল-অ্যাগনস্টিক অভ্যন্তরীণ দহন ইঞ্জিন প্ল্যাটফর্ম উৎপাদন করার সুযোগ করে দিবে।"

**চৌতাউকা কাউন্টির এক্সিকিউটিভ পিজে ওয়েনডেল বলেন**, "আমি আনন্দিত যে কিউমিন্স এখানে চৌতাউকা কাউন্টিতে বিনিয়োগ করা এবং কার্যক্রম সম্প্রসারণ করা অব্যাহত

রেখেছে। প্রায় 50 বছর ধরে, কিউমিন্স চৌতাউকা কাউন্টির অন্যতম সর্ববৃহৎ নিয়োগকর্তার অবস্থান ধরে রেখেছে এবং আমাদের স্থানীয় কমিউনিটিতে বিনিয়োগ করাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করে আসছে। প্রায় 500 মিলিয়ন ডলারের এই বিনিয়োগ আরো 50 বছর ধরে আমাদের স্থানীয় অর্থনীতিকে চালিকা শক্তি হিসেবে কাজ করবে এবং এটিকে এগিয়ে নিয়ে যাবে। এটি জেমসটাউন ইঞ্জিন প্ল্যান্টের কর্মচারীদের নিবেদিত প্রচেষ্টা ও কঠোর পরিশ্রমের প্রমাণ।"

**জেমসটাউন সিটির মেয়র এডি সান্ডকুইস্ট বলেন,** "কিউমিন্স-এর জেমসটাউন প্ল্যান্ট আমাদের সিটি ও অঞ্চলের একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালিকা শক্তি, এবং ক্রমবর্ধমান সবুজ প্রযুক্তি খাতে নতুন পণ্য ও কর্মসংস্থান তৈরি করার মাধ্যমে কিউমিন্স নিজেদের প্ল্যান্টে বৃহৎ, নতুন বিনিয়োগ সম্পন্ন করছে দেখে আমরা উচ্ছসিত। জেমসটাউনের মতো ইন্ডাস্ট্রিয়াল হাবগুলো সবুজ উৎপাদন খাতে বিনিয়োগ আকৃষ্ট করার মাধ্যমে কয়েক দশকের মধ্যে দেখা যায়নি এমন নতুন সমৃদ্ধি ও বিনিয়োগ দেখতে পাচ্ছে। আমাদের অঞ্চলে তাদের বিনিয়োগ ও অঙ্গীকারাবদ্ধতা বৃদ্ধি করার জন্য গভর্নরের কার্যালয়, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, চৌতাউকা কাউন্টির IDA, এবং কিউমিন্স-এর মধ্যকার সহযোগিতার সম্পর্ক দেখতে পেয়ে আমি আনন্দিত।"

**চৌতাউকা কাউন্টি ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট এজেন্সির CEO মার্ক গেইস বলেন**, "চৌতাউকা কাউন্টিতে এই বৃহৎ বিনিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণের জন্য কিউমিন্স ইঞ্জিনকে সহায়তা করতে CCIDA যে ভূমিকা পালন করেছে তা নিয়ে আমি গর্বিত। কিউমিন্স ইঞ্জিন আমাদের অঞ্চলের অত্যন্ত গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালিকাশক্তি, এবং এই বিনিয়োগ দেখিয়ে দিচ্ছে যে তারা অভ্যন্তরীণভাবে সম্মানিত। এটি JEP-এর ম্যানেজমেন্ট টিম, কর্মীদল, ও ভেন্ডরদের প্রতি সত্যিকারের শ্রদ্ধা প্রদর্শন।"

###